

এটলাস বাংলাদেশ লিমিটেড  
২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর।

৩৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল)-এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ২৮ ডিসেম্বর ২০২৩ (১৩ পৌষ ১৪৩০), রোজ বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম <https://atlasbang.virtualagmbd.com> লিংকে অনুষ্ঠিত হবেঃ-

- ১। ২৭ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ২। ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত অর্থবছরের কোম্পানীর নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসানের হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালকমন্ডলীর বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩। পরিচালকমন্ডলীর সুপারিশকৃত ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নো ডিভিডেন্ড ঘোষণা।
- ৪। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী পরিচালকদের শূন্য পদে পরিচালক মনোনয়ন/নির্বাচন।
- ৫। ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
- ৬। ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
- ৭। সভাপতির অনুমতিক্রমে আইনানুগ আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে) সম্পাদন।

পর্যদের আদেশক্রমে,  
স্বা/-  
(এস এম আলাউদ্দিন)  
কোম্পানি সচিব

তারিখঃ ০৪-১২-২০২৩

দৃষ্টব্য :

- ১) রেকর্ড ডেট : ৩০ নভেম্বর ২০২৩
- ২) গত ১০ মার্চ ২০২১ তারিখে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর অর্ডার নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/০৮ অনুযায়ী এবিএল এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।
- ৩) শেয়ারহোল্ডারগণ অনলাইনে এজিএম শুরু ২৪ ঘণ্টা পূর্ব হতে এবং এজিএম চলাকালীন সময় তাদের যে কোন ধরনের প্রশ্ন, মন্তব্য এবং ভোট প্রদান করতে পারবেন। অনলাইন সিস্টেমে শেয়ারহোল্ডারদের পরিচিতি নিশ্চিত করার জন্য সদস্যগণ তাদের ১৬ সংখ্যার বিও/ফলিও হিসাব নম্বর প্রদান করে অনলাইন সিস্টেমে লগইন করতে হবে। অনলাইন সিস্টেমের লিংক শেয়ারহোল্ডারদের-কে ই-মেইলে পাঠানো হবে এবং এটলাস বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইটে [www.atlas.gov.bd](http://www.atlas.gov.bd) -তে দেওয়া হবে।
- ৪) গ্রুপ-“বি” শেয়ারহোল্ডারদের মধ্যে পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% শেয়ারধারী অগ্রহী শেয়ারহোল্ডারগণকে পরিচালক পদে নির্বাচিত/মনোনীত হওয়ার লক্ষ্যে যোগ্য ও ইচ্ছুক প্রার্থীগণকে কারখানাস্থ শেয়ার অফিসে সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অর্থাৎ ২১-১২-২০২৩ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে মনোনয়নপত্র দাখিল করতে হবে। মনোনয়ন ফরম কোম্পানির ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।
- ৫) ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএমে যোগদান করার জন্য লিংকসহ লগইন প্রক্রিয়া শেয়ারহোল্ডারদের-কে এবিএল ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- ৬) শেয়ারহোল্ডারদের-কে সভা শুরুর (সকাল ১১.০০ ঘটিকার) পূর্বেই লগইন করার জন্য আমরা উৎসাহিত করছি। কারিগরী সমস্যা সমাধানের জন্য ০১৭১৬৮৬১৪৩৯ মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি।
- ৭) সাধারণ সভায় অংশগ্রহণের জন্য অপারগ কোন সদস্য তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। ২০ টাকার রেভিনিউ স্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম যথাযথভাবে স্বাক্ষর করে তার স্ক্যান কপি ই-মেইলের মাধ্যমে এবিএল এর শেয়ার অফিস [bdabl.share@gmail.com](mailto:bdabl.share@gmail.com) এ এজিএম শুরুর ৪৮ ঘণ্টা পূর্বেই পাঠাতে হবে।
- ৮) ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বইয়ের সফট কপি শেয়ারহোল্ডারগণের ই-মেইল ঠিকানায় পাঠানো হবে এবং এবিএল এর ওয়েব সাইট [www.atlas.gov.bd](http://www.atlas.gov.bd) -তে পাওয়া যাবে।
- ৯) সদস্যগণের ঠিকানা পরিবর্তন হলে সঠিক সময়ের মধ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিসে জানাতে হবে।